মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

**প্রজ্ঞাপন**

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০২.০০৫.১৮/ তারিখঃ ১৭ চৈত্র, ১৪২৫ / ৩১ মার্চ, ২০১৯

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ২৭/১১/২০১৬ তারিখে ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১-৩১০ নং স্মারকে ৩৬তম বিসিএস হতে সুপারিশকৃত এ প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদে বর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড অনুসারে টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮,৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর অনুবিভাগে "কর পরিদর্শক" পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

(ক) নিয়োগকৃত কর পরিদর্শক-কে বিসিএস (কর) একাডেমী, ঢাকা অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০১(এক) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে নিয়োগকৃত কর পরিদর্শক-কে তাঁর চাকরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) নিয়োগকৃত কর পরিদর্শক-কে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে নিয়োগকৃত কর পরিদর্শক-কে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) নিয়োগকৃত কর পরিদর্শক-কে শিক্ষানবিস মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসকালে/মেয়াদে নিয়োগকৃত কর পরিদর্শক এর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ(ক) এর অধীন নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে নিয়োগকৃত কর পরিদর্শক এর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ-(ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে নিয়োগকৃত কর পরিদর্শক-কে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে নিয়োগকৃত কর পরিদর্শক-কে বন্ড দাখিল করতে হবে;

(চ) নিয়োগকৃত কর পরিদর্শক এর ইস্তেফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act,1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী নিয়োগকৃত কর পরিদর্শক এর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে নিয়োগকৃত কর পরিদর্শক-কে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে নিয়োগকৃত কর পরিদর্শক-কে চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) রাজস্ব প্রশাসনে অধিকতর গতিশীলতা আনায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অনুসৃত সুশাসন ও আধুনিক ব্যবস্থাপনা নীতিমালা অনুসরণ করে করদাতা বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ ও জনকল্যাণে রাজস্ব আহরণের লক্ষ্যে আন্তরিকতার সাথে কাজ করতে হবে;

(ড) এ চাকরিতে যোগদানের জন্য নিয়োগকৃত কর পরিদর্শক কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী নিয়োগকৃত কর পরিদর্শক এর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৬/০৪/২০১৯ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-২ শাখায় যোগদানের জন্য নিয়োগকৃত কর পরিদর্শক-কে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

০৩। পদের নাম ঃ কর পরিদর্শক।
নিয়োগপ্রাপ্ত ঃ ০২ (দুই) জন।

| ক্রঃ নং | মেধাক্রম | প্রার্থীর নাম | জন্ম তারিখ | নিজ জেলা | রেজিঃ নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ০১২ | মোঃ আসাদুজ্জামান | ১২/০৯/১৯৮৫ | সাতক্ষীরা | ০৪৫৬৫৪ | |
| ০২. | ০৩৩ | মোঃ মেরাজ উদ্দিন | ১২/১১/১৯৮৫ | কিশোরগঞ্জ | ০৫৮০৫৯ | |

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর করা হবে।

(কালিপদ হালদার)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০২.০০৫.১৮/ ৫৬৮(৪)

তারিখঃ ১৭ চৈত্র, ১৪২৫
৩১ মার্চ, ২০১৯

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
৩। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে ডাউনলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪। উপ পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৬। জনাব.......................................................................................................।
৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (কর প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। ব্যক্তিগত নথি।

৩১/৩/১৯
(মোঃ জসিম উদ্দিন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২)

F:\36তম বিসিএস হতে নন-ক্যাডার\Niog potrer folder\Niog progapon1.docx